দৈনিক সংবাদ

তারিখ ···FEB. 06 2000
পৃষ্ঠা ৮ কলাম ৫

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সড়ক দুর্ঘটনায় আহত

নিজস্ব বার্তা পরিবেশক, চট্টগ্রাম ব্যুরো ঃ গতকাল শনিবার রাত সাড়ে ৮টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আবদুল মান্নান নগরীর কাজীর দেউড়ির বাসা থেকে বের হওয়ার পথে পেছন থেকে আসা একটি মোটর সাইকেলের ধাক্কায় আহত হয়েছেন। তাকে হলিক্রিসেন্ট হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয় লোকজন মোটর সাইকেল চালক সাইমুল সাবেরকে (৩২) আটক করে পুলিশে সোপর্দ করে। উপাচার্য হাত-পায়ে আঘাত পেয়েছেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান উদ্ভূত পরিস্থিতির কারণে প্রশাসন বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছে বলে জানা গেছে।